

গুরুত্বপূর্ণ বিষয়

একটি শিশুর লালন-পালন উচ্চ-ব্যয়ভার নিয়ে পরিবারগুলো যে সংগ্রাম করে তা “শিশুর লালন-পালনের জন্য পুরো সমাজের সহায়তা প্রয়োজন” এই প্রাচীন প্রবাদটির মত আজও তেমনি সত্য। অনেক পরিবারের ক্ষেত্রে বাসস্থান সংক্রান্ত ব্যয়ের পর দ্বিতীয় বৃহত্তম ব্যয় হল শিশু যত্ন সংক্রান্ত ব্যয়। কানাডায় শিশু যত্ন সংক্রান্ত মাসিক গড় ব্যয় নবজাতকদের জন্য ৭৬১ ডলার, হাঁটতে-শেখা শিশুদের জন্য ৭০১ ডলার এবং প্রাক-স্কুল বয়সের শিশুদের জন্য ৬৭৪ ডলার।

পটভূমিকা

উচ্চ ফি ছাড়াও, আয় নির্বিশেষে শিশু যত্ন কেন্দ্র খুঁজে পাওয়া কষ্টসাধ্য হতে পারে। কানাডায় ০-৫ বছর বয়সের এক-চতুর্থাংশেরও কম শিশুর এবং ০-১২ বছর বয়সের পাঁচটির মধ্যে একটি শিশুর জন্য নিয়ন্ত্রিত শিশু যত্ন কেন্দ্রে আসন রয়েছে। চাহিদা থাকা সত্ত্বেও, কানাডার কোন জাতীয় শিশু যত্ন সংক্রান্ত কর্মসূচি নাই। কেন্দ্রীয় সরকার পিতা-মাতাদের নগদ অর্থ সুবিধা প্রদান করে যাকে ইউনিভার্সেল চাইল্ড কেয়ার বলা হয়।

সুবিধা (UCCB)। এই বছর UCCB-এর পরিকল্পিত বৃদ্ধি সত্ত্বেও, পিতা-মাতাগণ ৬ বছরের কম বয়সের শিশুদের জন্য প্রতি বছরে মাত্র ১৯২০ ডলার পাবেন। যা কিনা শিশু যত্ন সংক্রান্ত ব্যয়ের এক-চতুর্থাংশও মেটাতে না। এছাড়াও, নগদ অর্থ সুবিধাটি চাহিদা পূরণ করতে আমাদের যে পর্যাপ্ত নিয়ন্ত্রিত শিশু যত্ন কেন্দ্রে আসন রয়েছে তা সুনিশ্চিত করার জন্য কিছুই করে না।

স্বল্পমূল্যের শিশু যত্ন কেন্দ্রের জন্য হাজার হাজার শিশুর অপেক্ষমাণ তালিকায় থাকা এবং পরিবারসমূহের কমিউনিটিতে উচ্চমানের শিশু যত্ন কেন্দ্র খোঁজার জন্য সংগ্রাম করা, একটি জাতীয় শিশু যত্ন ব্যবস্থার প্রয়োজনীয়তাকে সুস্পষ্ট করে। যা পিতা-মাতাদের সঙ্গতিপূর্ণ, নিরাপদ, স্বল্পমূল্যের এবং মানসম্পন্ন শিশুযত্ন কেন্দ্র পাওয়ার ব্যাপারে পরিবারসমূহকে সহায়তা করে এবং শিশুদের পরবর্তীতে সফল হওয়ার প্রস্তুতি সুনিশ্চিত করে। সকল কানাডীয়ই উচ্চ মানসম্পন্ন, নিয়ন্ত্রিত শিশু যত্ন কেন্দ্রের ব্যাপারে আগ্রহী।

প্রশ্নাবলী

- ১। আপনার দল কিভাবে উচ্চ ব্যয়সম্পন্ন শিশু যত্ন কেন্দ্র ও ভর্তুকিপ্ৰাপ্ত আসনগুলোর অভাব মোকাবেলা করবে?
- ২। আপনার দল কি সকলের জন্য সুবিধাসম্বলিত একটি জাতীয় প্রারম্ভিক শিক্ষা ও শিশু যত্ন ব্যবস্থা প্রবর্তন করবে?

সম্পদ:

এই সিরিজের আরও তথ্য এবং অতিরিক্ত তথ্য পত্রের জন্য <http://spno.ca/canada-votes-2015>-এ দেখুন